# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৭, ৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

**শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ**

স্মারক নং- পসব্য/প্রকা/পরি/শাতপ/১০/২০২৬-২৭/৭২ তারিখঃ ০৮-০৯-২০২৬ খ্রি.

**বিষয়: রাজশাহী বিভাগের ২০২৫-২৬ অর্থবছরের পারফরম্যান্স মুল্যায়ন, ২০২৬-২৭ অর্থবছরের ব্যবসায়িক কর্মপরিকল্পনা গ্রহণ বিষয়ক ব্যবস্থাপক সম্মেলন-২০২৬ এবং ২০২৪-২৫ অর্থবছরের পারফরম্যান্সভিত্তিক উৎসাহমূলক পুরস্কার প্রদান অনুষ্ঠান।**

পল্লী সঞ্চয় ব্যাংক, রাজশাহী বিভাগের আওতাধীন শাখাসমূহের ২০২৫-২৬ অর্থবছরের সার্বিক পারফরম্যান্স মূল্যায়ন এবং ২০২৬-২৭ অর্থবছরের ব্যবসায়িক কর্মপরিকল্পনা গ্রহণের লক্ষ্যে আগামী ১২/০৯/২০২৬ খ্রি., শনিবার, "পোস্টাল একাডেমী", রাজশাহী-এ সকাল ১০.৩০ ঘটিকা থেকে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত "ব্যবস্থাপক সম্মেলন-২০২৬" অনুষ্ঠিত হবে। একই স্থানে ২০২৪-২৫ অর্থবছরের পারফরম্যান্সের ভিত্তিতে মাঠপর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও শ্রেষ্ঠ শাখাকে উৎসাহমূলক পুরস্কার প্রদান অনুষ্ঠান দুপুর ৩.০০ ঘটিকা থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে। একই দিন সকাল ৯.০০ ঘটিকায় পল্লী সঞ্চয় ব্যাংকের পবা শাখা, রাজশাহীতে বৃক্ষরোপন ও চারা বিতরণ এবং ঋণের চেক বিতরনের মাধ্যমে বিশেষ ঋণ কর্মসূচির শুভ উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

উক্ত অনুষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগের মনিটরিং কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, শাখা ব্যবস্থাপক এবং পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডের মাননীয় পরিচালক, অডিট কমিটির সভাপতি ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব ড. মো: জাহেদুল ইসলাম, বিশেষ অতিথি হিসেবে ব্যবস্থাপনা পরিচালক জনাব সালমা বানু এবং মহাব্যবস্থাপক জনাব এ. বি. এম জাহিদ হোসেন উপস্থিত থাকবেন। এছাড়াও বাজেট ও হিসাব বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব সুকান্ত কুমার ঘোষ এবং স্টাফ অফিসার টু এমডি জনাব মিঠুন মন্ডল উপস্থিত থাকবেন। সভায় সভাপতিত্ব করবেন রাজশাহী বিভাগের দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় মনিটরিং কর্মকর্তা ও সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব মো: রাজু আহমেদ।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত সময়সূচি অনুযায়ী বৃক্ষরোপণ ও চারা বিতরণ, বিশেষ ঋণ কর্মসূচির উদ্বোধন, ব্যবস্থাপক সম্মেলন এবং পুরস্কার প্রদান অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

08/09/2026

**(মোঃ আলা উদ্দিন)**
মহাব্যবস্থাপক

**সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীবৃন্দ**

স্মারক নং- পসব্য/প্রকা/পরি/শাতপ/১০/২০২৬-২৭/৭২ তারিখঃ ০৮-০৯-২০২৬ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়);

১। পিএস টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সকল বিভাগীয় প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ মহোদয়কে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ।
৬। বোর্ড সচিব, বোর্ড সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। পুরস্কারের ক্রেস্ট এবং সনদসমূহ অনুষ্ঠানে পৌঁছে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সাধারণ সেবা ও কল্যাণ বিভাগের প্রধানকে অনুরোধ করা হলো।
৮। রাজশাহী জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুষ্ঠান আয়োজন ও উপস্থিত সকলকে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। প্রাক্কলিত ব্যয় বাবদ (ভ্যাট ও ট্যাক্সসহ) জিএল কোড ৩০৮০২০০১ থেকে ২,৩০,০০০.০০ (কথায়: দুই লক্ষ ত্রিশ হাজার) টাকা মাত্র উত্তোলনের অনুমতি দেয়া হলো। প্রকৃত ব্যয় সাপেক্ষে পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে বাজেট ও হিসাব বিভাগ, প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো ।
০৯। অফিস নথি।

08.09.2026

**(মোহাম্মদ আবদুল্লা আল সাকিব)**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার